


# তীয় বিশ্ববিদ্যালয়ের আজকের পরীক্ষা স্থগিত

ইলেক্ট্রনিক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ১০ জুলাই ২০২৫, ১২:২১



ফেনী ও নোয়াখালী জেলার বন্যা পরিষ্কৃতির কারণে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে বৃহস্পতিবার (১০ জুলাই) ২০২৩ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স দ্বিতীয় বর্ষের পরীক্ষা স্থগিত করা হয়েছে।

 দেনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের ভারপ্রাপ্ত পরিচালক মো. মোস্তাফিজুর রহমান বিষয়টি বেলা ১১টার দিকে নিশ্চিত করেছেন।

তিনি বলেন, ‘ভারী বর্ষণ ও উজান থেকে নেমে আসা ঢলের কারণে ফেনী ও নোয়াখালী জেলার বিভিন্ন এলাকা প্লাবিত হয়েছে। এতে শিক্ষার্থীদের নিরাপদে কেন্দ্রে পৌঁছানো সন্তুষ্ট নয় বলে আজকের (১০ জুলাই ২০২৫) পরীক্ষা স্থগিত করা হয়েছে।’

পরীক্ষার পরবর্তী সময়সূচি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পরে জানানো হবে বলে জানান তিনি।

তবে গত ৩ জুন ২০২৫ তারিখে প্রকাশিত সময়সূচি অনুযায়ী অন্যান্য পরীক্ষাগুলো যথারীতি অনুষ্ঠিত হবে।